শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭৩.১৯-৫৯

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব. / ২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪৭১২/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৪৭১২/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৪৭১২/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৪৭১২/২০১৯ | ড. মো: মোস্তাফিজুর রহমান, পিতা- মৃত. আজিজুর রহমান, বাসা-বি/৪, টিটিটিসি ষ্টাফ কোয়াটার, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, তেজগাঁও, ঢাকা। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, অর্থ মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন। | ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট এর অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক তাঁর অবসরোত্তর ছুটি ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য গত ২৬/২/২০১৯ তারিখে ডিজি, ডিটিই বরারব আবেদন করা হয়।<br>উক্ত আবেদনের আলোকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় গত ০৩/১১/২০১৯ তারিখে লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য ডিজি, ডিটিই বরারব পুনরায় আবেদন করা হয়।<br>তথাপি ডিটিই কর্তৃক লাম্পগ্রান্ট মঞ্জুরীর বিষয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় Public Servant (Retirement) Act. 1974 এর প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩. ০০৬.১৫-৮১, তারিখ: ১৪/১০/২০১৫ এবং অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-ওমও/ওবিআই /বিধি-২/৩-পি-২৬/৮৬ (অংশ-২)/১৩৫, তারিখ: ০৮/১০/২০০১ এর বিধানমতে লাম্পগ্রান্ট মঞ্জুরীর বিষয়ে গত ০৩/১১/২০১৯ তারিখে ডিজি, ডিটিই বরারব দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার ড. মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৭১২/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৮/১২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন সাপেক্ষে পিটিশনারের ২৬/২/২০১৯ ও ০৩/১১/২০১৯ তারিখেরে আবেদনের প্রেক্ষিতে Public Servant (Retirement) Act. 1974 এর প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪/১০/২০১৫ এর অনুচ্ছেদ নং-৭ এবং অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-ওমও/ওবিআই/বিধি-২/৩-পি-২৬/৮৬ (অংশ-২)/১৩৫, তারিখ: ০৮/১০/২০০১ এর বিধানমতে লাম্পগ্রান্ট মঞ্জুরীসহ পেনসন সুবিধাদি প্রদান না করা আইন লঙ্ঘন মর্মে কেন ঘোষণা করা হবে না; সে মর্মে ০১/০১/২০২০ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উল্লেখ্য যেহেতু রিট মামলা দায়েরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ছিলেন যা কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন। তাছাড়া আলোচ্য মামলায় ডিজি, ডিটিই-কেও প্রতিপক্ষ করা হয়েছে বিধায় এ রিট মামলার আদেশের বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব দাখিলক্রমে টিএমইডি-কে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৪৭১২/২০১৯ মামালায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ১৮/১২/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যদি আগামী ১০/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx